



আর্মি মেডিকেল কলেজ যশোর

যশোর সেনানিবাস

E-mail: army.mc.jessore55@gmail.com, Web: www.amcj.edu.bd

নিয়োগ বিজ্ঞপ্তি - ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি নং - আগমেঃকঃপ্রশাসনিক/নিয়োগ/১১(৪)/১১(২)

আর্মি ওয়েলফেয়ার ট্রাস্ট পরিচালনাধীন আর্মি মেডিকেল কলেজ যশোর এর জন্য বিভিন্ন বিভাগ ও পদবীতে নিম্নোক্ত জনবল নিয়োগ করা হবে :

ক্রঃ নং	পদ	সংখ্যা	মন্তব্য
১।	কম্পিউটার ল্যাব কাম আইটি টেকনিশিয়ান	০১	বিভিন্ন পদে নিয়োগের যোগ্যতা অত্র বিজ্ঞপ্তির সাথে ২য় পাতায় সংযুক্ত করা হয়েছে।
২।	স্টোর কিপার	০১	
৩।	অফিস সহকারী	০৬	
৪।	নিরাপত্তা প্রহরী	০৬	
৫।	পরিচ্ছন্নতাকর্মী	০৪	
৬।	মেসওয়েটার	০১	

আগ্রহী যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিয়োগ সংক্রান্ত বিস্তারিত তথ্য এবং “আবেদন ফর্ম” (Application Form) কলেজ ওয়েবসাইট (www.amcj.edu.bd) থেকে সংগ্রহ করা যাবে।

সাধারণ তথ্যাবলি :

ক। আগ্রহী প্রার্থীগণকে আগামী ০৮ নভেম্বর ২০২৬ তারিখ ২০০০ ঘটিকা পর্যন্ত সময় এর মধ্যে আর্মি মেডিকেল কলেজ যশোর, যশোর সেনানিবাস এই ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে অথবা ব্যক্তিগতভাবে আবেদনপত্র সহ সকল কাগজপত্র জমা দিতে হবে।

খ। আবেদনের জন্য নির্ধারিত “আবেদন ফর্ম” (Application form) কলেজ ওয়েবসাইট (www.amcj.edu.bd) থেকে সংগ্রহ এবং আবেদনপত্রের শর্তাবলী যথাযথভাবে পালন করতে হবে। চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।

গ। বয়স : ০১ জানুয়ারি ২০২৭ তারিখে সকল পদের জন্য বয়স অনূর্ধ্ব ৩৫ বছর (সামরিক) এবং ৪৫ বছর (সামরিক-প্রযোজ্য পদে)।

ঘ। বেতন ভাতা আর্মি মেডিকেল কলেজ সমূহের নির্ধারিত বেতন কাঠামো অনুযায়ী প্রযোজ্য।

ঙ। আর্মি মেডিকেল কলেজ যশোর এর অনুকূলে সকল পদের জন্য ৫০০ টাকার ব্যাংক ড্রাফট (MICR) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

চ। আবেদনপত্রের খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে। উল্লিখিত তারিখের পর কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না। পরীক্ষার জন্য আবেদনকারীদের কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

ছ। অসম্পূর্ণ আবেদন বাতিল হিসাবে গণ্য হতে পারে। কর্তৃপক্ষ যেকোন আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীগণের পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ ও সময় পরবর্তীতে স্ব স্ব মোবাইল নম্বরের মাধ্যমে জানানো হবে।

চিফ এক্সিকিউটিভ অফিসার, আর্মি মেডিকেল কলেজ যশোর

আর্মি মেডিকেল কলেজে যশোর - নিয়োগ বিজ্ঞপ্তি অক্টোবর ২০২৬

বিভিন্ন পদে নিয়োগের যোগ্যতা, বেতন ও গ্রেড

ক্রমিক	পদের নাম	নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা, বেতন ও গ্রেড
০১।	কম্পিউটার ল্যাব কাম আইটি টেকনিশিয়ান	অসামরিক: অনূর্ধ্ব ৩৫ বছর; অবসর গ্রহণের বয়স ৬২ বছর। অবসর প্রাপ্ত সামরিক: অনূর্ধ্ব ৪৫ বছর; সেনাসদর কর্তৃক ৩-৫ বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত হবেন যা কর্মদক্ষতা, শৃঙ্খলা, শারীরিক সামর্থ্যতা এবং প্রতিষ্ঠানের প্রয়োজনীয়তা বিবেচনায় প্রতিবছর নবায়নযোগ্য।	সরাসরি নিয়োগ (অসামরিক) বা সেনাসদর কর্তৃক চুক্তিভিত্তিক নিয়োগ (অবঃ সামরিক)	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা ইন কম্পিউটার/ইলেকট্রনিক্স বা সমমানের ডিগ্রি থাকতে হবে (ন্যূনতম জিপিএ ৩.০০)। হার্ডওয়্যার, নেটওয়ার্কিং ও সফটওয়্যার ইনস্টলেশন এ অভিজ্ঞতা থাকতে হবে। এমএস অফিস ও ইন্টারনেট ব্যবহারে দক্ষ হতে হবে। এছাড়া কম্পিউটার ল্যাব ব্যবস্থাপনা, সফটওয়্যার রক্ষণাবেক্ষণ, নেটওয়ার্ক ও ইন্টারনেট রক্ষণাবেক্ষণ, একাডেমিক ও প্রশাসনিক আইটি সহায়তা প্রদান, ডেটা ও নিরাপত্তা নিশ্চিতকরণ ও রেকর্ড সংরক্ষণে যোগ্য হতে হবে। সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত সার্জেন্ট/ কর্পোরাল এর ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা এবং শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। তবে, চাকুরি জীবনে ওপিআর-এ কোন বিরূপ মন্তব্য থাকলে বা সেনাবাহিনী হতে চাকুরীচ্যুত/বরখাস্ত কোন সেনাসদস্য নিয়োগের জন্য বিবেচিত হবেন না। বেতন ও গ্রেড : অসামরিক (গ্রেড - ১২) - ২০,০০০.০০ টাকা (সর্বসাকুল্যে) এবং অবসর প্রাপ্ত সেনা সদস্যের জন্য নীতিমালা অনুযায়ী প্রযোজ্য।
০২।	স্টোর কিপার	অসামরিক: অনূর্ধ্ব ৩৫ বছর; অবসর গ্রহণের বয়স ৬২ বছর। অবসর প্রাপ্ত সামরিক: অনূর্ধ্ব ৪৫ বছর; সেনাসদর কর্তৃক ৩-৫ বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত হবেন যা কর্মদক্ষতা, শৃঙ্খলা, শারীরিক সামর্থ্যতা এবং প্রতিষ্ঠানের প্রয়োজনীয়তা বিবেচনায় প্রতিবছর নবায়নযোগ্য।	সরাসরি নিয়োগ (অসামরিক) বা সেনাসদর কর্তৃক চুক্তিভিত্তিক নিয়োগ (অবঃ সামরিক)।	কোন স্বীকৃত বোর্ড হতে অনূন উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জিপিএ ন্যূনতম ৩.০০ এবং মাইক্রোসফট ওয়ার্ড ও এক্সেল সহ কম্পিউটার চালনায় পারদর্শী। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার বিবেচনা করা হবে। সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত/চাকুরিরত সার্জেন্ট এর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। তবে, চাকুরি জীবনে ওপিআর-এ কোন বিরূপ মন্তব্য থাকলে বা সেনাবাহিনী হতে চাকুরীচ্যুত/বরখাস্ত কোন সেনাসদস্য নিয়োগের জন্য বিবেচিত হবেন না। বেতন ও গ্রেড : অসামরিক (গ্রেড - ১৪) - ১৮,৫০০.০০ টাকা (সর্বসাকুল্যে) এবং অবসর প্রাপ্ত সেনা সদস্যের জন্য নীতিমালা অনুযায়ী প্রযোজ্য।
০৩।	অফিস সহকারী	অনূর্ধ্ব ৩৫ বছর; অবসর গ্রহণের বয়স ৬২ বছর	সরাসরি নিয়োগ (অসামরিক)	স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ন্যূনতম ৩.০০ এবং মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্টের কাজ সহ কম্পিউটার চালনায় পারদর্শী। কম্পিউটার টাইপিং এর ক্ষেত্রে মিনিটে বাংলা ২০ শব্দ এবং ইংরেজি ৩০ শব্দের গতি। বেতন ও গ্রেড : অসামরিক (গ্রেড - ১৪) - ১৮,৫০০.০০ টাকা (সর্বসাকুল্যে)।
০৪।	সিকিউরিটি গার্ড	অনূর্ধ্ব ৩৫ বছর; অবসর গ্রহণের বয়স ৬২ বছর	সরাসরি নিয়োগ (অসামরিক)	অস্টম শ্রেণী। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে। বেতন ও গ্রেড : অসামরিক (গ্রেড - ১৯) - ১৫,৩০০.০০ টাকা (সর্বসাকুল্যে)।
০৫।	পরিচ্ছন্নতা কর্মী	অনূর্ধ্ব ৩৫ বছর; অবসর গ্রহণের বয়স ৬২ বছর	সরাসরি নিয়োগ (অসামরিক)	অস্টম শ্রেণী। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে। বেতন ও গ্রেড : অসামরিক (গ্রেড - ১৯) - ১৫,৩০০.০০ টাকা (সর্বসাকুল্যে)।
০৬।	মেসওয়েটার	অনূর্ধ্ব ৩৫ বছর; অবসর গ্রহণের বয়স ৬২ বছর	সরাসরি নিয়োগ (অসামরিক)	অস্টম শ্রেণী। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে। বেতন ও গ্রেড : অসামরিক (গ্রেড - ১৯) - ১৫,৩০০.০০ টাকা (সর্বসাকুল্যে)।